

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৯৭

ا كتاب الجنائز عن رسول الله الله الله الله المام المام المام المام الله المام المام

পরিচ্ছেদঃ কয়টি কাপড়ে নবী (ﷺ) কে কাফন দেওয়া হয়েছিল।

باب مَا جَاءَ فِي كَفَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا بِشِرُ بِنُ السَّرِيِّ، عَنْ زَائِدَةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّد بْنِ عَقِيل، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم كَفَّنَ حَمْزَةَ بْنَ عَبْدِ اللَّهِ بْنِ الْمُطَلِّبِ فِي نَمِرَةٍ فِي ثَوْبٍ وَاحِدٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيِّ وَابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللَّهِ بْنِ الْمُطَّلِّبِ فِي نَمِرَةٍ فِي ثَوْبٍ وَاحِدٍ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيِّ وَابْنِ عَبَّاسٍ وَعَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلٍ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ حَسِنٌ حَدِيثٌ حَسَنٌ صَحَيِحٌ . وَقَدْ رُوكِي فِي كَفَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم روايَاتٌ مُخْتَلِفَةٌ وَحَديثُ عَائِشَةَ أَصِبَ الْأَحَاديثِ النَّتِي ملى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى حَديثِ عَائِشَةَ عِنْدَ أَكْثَرِ أَهْلِ رُويَتْ فِي كَفَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . وَالْعَمَلُ عَلَى حَديثِ عَائِشَةَ عِنْدَ أَكْثَر أَهْلِ الْعُلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ . قَالَ سُفْيَانُ الثَّوْرِيُّ يُكَفَّنُ الرَّجُلُ فِي ثَلَاثِ أَثُورِ إِنْ شِئْتَ فِي قَمِيصٍ وَلِفَافَتَيْنِ وَإِنْ شِئْتَ فِي ثَلاَثِ أَقُولِ إِنْ شِئْتَ فِي قَلَاثِ أَوْبُ وَاحِدٌ إِنْ لَمْ يَجِدُوا تَوْبَيْنِ وَالثَّوْبَانِ يُجْزِيَانِ وَالثَّلاَثَةُ لِمَنْ وَجَدَهَا أَحَبُ وَيُونَ وَالْ الْمَرْأَةُ فِي خَمْسَةِ أَثُوابٍ . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . قَالُوا تُكَفَّنُ الْمَرْأَةُ فِي خَمْسَةِ أَثُوابٍ .

বাংলা

৯৯৭. ইবনু আবৃ ইমার (রহঃ) জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হামযা ইবনু আব্দুল মুত্তালিব (রাঃ) কে কেবল একটি সাদা-কাল রেখাযুক্ত চাঁদরে কাফন দিয়েছিল। - আল আহকাম ৫৯, ৬০, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৯৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ইবনু আব্বাস, আবদুল্লাহ ইবনু মুগাফফাল ও ইবনু উমার (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আয়িশা (রাঃ) বর্ণিত হাদিসটি হাসান-সহীহ্। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাফনের বিষয়ে বিভিন্ন ধরনের রিওয়ায়াত রয়েছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাফন সম্পর্কে যতগুলি রিওয়ায়াত পাওয়া যায় তন্মধ্যে আয়িশা (রাঃ) এর রিওয়ায়াতটি সর্বাপেক্ষা সহীহ্। সাহাবী ও অপরাপর আলিমগণ এতদানুসারে আমল করেছেন। সুফইয়ান ছাওরী বলেন, পুরুষদের তিনটি কাফন দেওয়া হবে। ইচ্ছা



করলে দুটো চাঁদর ও একটি কামীস দিয়ে, বা ইচ্ছা করলে তিনটি চাঁদরেই কাফন দেওয়া যায়। দুটো কাপড় পাওয়া না গেলে তা একটিতেই যথেষ্ট হবে। আর তিনটি না পাওয়া না গেলে দুটোতেই যথেষ্ট হবে। তিনটি পাওয়া গেলে তা হবে অধিকতর পছন্দনীয়। এই হলো ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। ইমাম আবৃ হানীফা (রহঃ) বলেন, ইযার, কামীস, চাদর এই তিনটি কাপড়ে কাফন দেওয়া হবে। তারা বলেন, মহিলাদেরকে পাঁচটি কাপড়ে কাফন দেওয়া হবে।

English

Jabir bin Abdullah narrated:

"The Messenger of Allah shrouded Hamzah bin Abdul-Muttalib in one cloth of Namirah."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন